

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৪/১৩৬

তারিখ: ৩০/০৭/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: আমদানিকৃত পণ্য খালাসে চবক (চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ) এর
স্টোরেন্ট/ডেমারেজ চার্জ মওকুফ প্রসঙ্গে।

সূত্র: নৌপরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং: ১৮.০০.০০০০.০২১.০২.০০২.২৪.৪৯, তারিখ: ৩০ জুলাই, ২০২৪।


সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ

আসসালামু আলাইকুম

বর্তমানে দেশে চলমান কারফিউ ও অস্থিতিশীল অবস্থার কারণে তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত পণ্যসমূহ নির্ধারিত সময়ে ছাড়করণ করা সম্ভব হয়নি। যার ফলে রপ্তানিকারকগণের উপর ধার্যকৃত পোর্ট ডেমারেজ চার্জ মওকুফ করার নিমিত্তে বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পরিষদ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সাথে সভায় মিলিত হন। মাননীয় প্রতিমন্ত্রী বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত পণ্যের যে সকল চালান ১৬/০৭/২০২৪ তারিখ হতে আগামী ০৫/০৮/২০২৪ তারিখ পর্যন্ত চট্টগ্রাম বন্দরে এসেছে এবং আসবে সে সকল পণ্য খালাসের ক্ষেত্রে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের চবক (চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ) এর স্টোরেন্ট/ডেমারেজ চার্জ মওকুফ করেছেন। আগামী ১৪/০৮/২০২৪ তারিখ এর মধ্যে যারা পণ্য বন্দর থেকে না নিবে তাদের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হবে না।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নৌপরিবহন মন্ত্রণালয়ের জারীকৃত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং উল্লেখিত তারিখের মধ্যে পণ্য খালাসের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,


এস.এম. মান্নান (কচি)
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চবক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

১৫ শ্রাবণ ১৪৩১

তারিখ: -----

৩০ জুলাই ২০২৪


স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০২১.০২.০০২.২৪.৪৯

বিষয়ঃ বিজিএমইএ কর্তৃক আবেদনকৃত মালামালের খাতে চবক এর প্রযোজ্য স্টোর রেন্ট মওকুফ।

সূত্রঃ বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০২৪/৯১৮৬, তারিখ: ২৪-০৭-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ এর ২৩ ধারা ও এ মন্ত্রণালয় থেকে জারিকৃত স্টোররেন্ট/পেনাল চার্জ মওকুফের নীতিমালা এবং সম্প্রতি সারাদেশ ব্যাপি সহিংসতার ফলে চট্টগ্রাম পোর্টের মালামাল খালাসে স্থবিরতা সৃষ্টির কারণে বিজিএমইএ হতে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে তৈরি পোষাক শিল্পের আমদানিকৃত পণ্যের যে সকল চালান ১৬/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে আগামী ০৫/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চট্টগ্রাম বন্দরে এসেছে এবং আসবে সে সকল পণ্য খালাসের ক্ষেত্রে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের চবক এর স্টোররেন্ট/ডেমারেজ চার্জ মওকুফে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো। তবে শর্ত থাকে যে, আগামী ১৪/০৮/২০২৪ খ্রি. তারিখ (বুধবার) এর মধ্যে যারা মালামাল বন্দর থেকে না নিবে তাঁদের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হবে না।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নির্দেশক্রমে পত্র জারি করা হলো।


৩০/৭/২০২৪
নজরুল ইসলাম আজাদ
উপসচিব
ফোন: ৯৫১৫১৮৫
ইমেইল: ds.cpa@mos.gov.bd

চেয়ারম্যান

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

চট্টগ্রাম।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, উত্তরা, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।